

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৩২২
তেলিয়ামুড়া, ১১ অক্টোবর, ২০২১

বড়মুড়া ক্যাফেটেরিয়ার পুনঃউদ্বোধন

তেলিয়ামুড়ায় বড়মুড়া ক্যাফেটেরিয়ার সম্প্রতি পুনঃউদ্বোধন করা হয়েছে। নবরূপে বড়মুড়া ক্যাফেটেরিয়ার অনুষ্ঠানিক উদ্বোধন করেন বিধানসভার সরকারি মুখ্য সচেতক বিধায়ক কল্যাণী রায়। উপস্থিত ছিলেন তেলিয়ামুড়া পুর পরিষদের প্রাক্তন ভাইস চেয়ারপার্সন রূপক সরকার, বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব মনোরঞ্জন গোপ, সমাজসেবী রঞ্জিত সুব্রধর প্রমুখ। ক্যাফেটেরিয়ার উদ্বোধন করে বিধায়ক শ্রীমতি রায় বলেন, দীর্ঘ দিন যাবৎ এই ক্যাফেটেরিয়া বন্ধ ছিল। পর্যটন দপ্তর এবং তেলিয়ামুড়া পুর পরিষদ আলোচনার পর এই ক্যাফেটেরিয়ার পুনঃ উদ্বোধনের সিদ্ধান্ত নেয়া। এরফলে মহকুমাবাসী উপকৃত হবেন। এই উপলক্ষে দুদিন ব্যাপি সাংস্কৃতিক অনুষ্ঠান এবং খাদ্য উৎসবের আয়োজন করা হয়। অনুষ্ঠানে পুর এলাকার প্রধানমন্ত্রী আবাস যোজনা-শহর প্রকল্পে ওয়ার্ক অর্ডার সুবিধাভোগীদের হাতে তুলে দেন বিধায়ক কল্যাণী রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন তেলিয়ামুড়া পুর পরিষদের প্রাক্তন চেয়ারপার্সন নীতিন সাহা। স্বাগত বক্তব্য রাখেন ডেপুটি সি ই ও সজল দেবনাথ।
